Edit with WPS Office

বাংলা অনার্স ও জেনারেল বিভাগের প্রথম থেকে ষষ্ঠ সেমিস্টার পর্যন্ত পাঠ্যক্রমের বিষয় ভিত্তিক সম্ভাব্য ফলাফল

	প্রথম সেমিস্টার অনার্স
সি.সি ১ প্রাগাধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস	১. আদি ও মধ্য যুগের বাংলা সাহিত্যের প্রধান প্রধান বিভাগ ও উপবিভাগ সম্পর্কে শিক্ষার্থীরা জানতে পেরেছে। পাশাপাশি সমসাময়িক কালের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক প্রটপরিবর্তনের বিভিন্ন ঘটনাক্রম শিক্ষার্থীরা স্মরণ করতে পারবে। ২. চর্যাপদ থেকে শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের কাহিনী, ঘটনাক্রম, চরিত্রচিত্রণ, কবি পরিচয় কিংবা বাংলা ভাষার প্রবাহমানতার পাশাপাশি বিভিন্ন ধারার মঙ্গলকাব্যের কবি ও কাব্যের সামগ্রিক ধারনা, অনুবাদ সাহিত্য-ধারার কবি-কাব্য ও তার প্রাসঙ্গিকতা এবং বাংলা সাহিত্যে পদাবলিসাহিত্য, চৈতন্য জীবনী সাহিত্য ও ধর্মীয় সাহিত্যের ধারা শিক্ষার্থীরা উপলব্ধি করতে পারবে। ৩. আধুনিক সাহিত্যের বিভিন্ন ধারার সঙ্গে প্রাগাধুনিক বাংলা সাহিত্যের এই প্রধান প্রধান ধারাগুলিকে শিক্ষার্থীরা তুলনামূলক আলোচনা করতে পারবে এবং বাংলা সাহিত্যের ধারাবাহিক প্রবাহমানতা বিষয়ে নতুন নতুন সম্ভাবনাময় গবেষণাধর্মী বিষয়ের ইঙ্গিতও তারা পেতে পারে। ৪. প্রাগাধুনিক বাংলা সাহিত্য সম্পর্কে শিক্ষার্থীরা সামগ্রিকভাবে যেমন বিশ্লেষণ কিংবা সংশ্লেষণ করতে পারবে তেমনি সেই সময়ের সাহিত্যের বিভিন্ন ধারার মূল্যায়নও করতে পারবে।
সি. সি ২ প্রাগাধুনিক বাংলা সাহিত্য পাঠ	১. মধ্যযুগের বিখ্যাত কিছু সাহিত্যধারার মধ্যে যেমন বৈষ্ণব পদাবলী ও শাক্ত পদাবলী শাখার অন্তর্গত নির্বাচিত কবিদের বিভিন্ন পর্যায়ের ২০টি করে পদের বিষয়, কবির নাম এবং বিষয় অনুযায়ী বিভিন্ন পর্যায়ের সঙ্গে শিক্ষার্থীরা পরিচয় লাভ করার পাশাপাশি মুকুন্দরামের চণ্ডীমঙ্গল কাব্যের আখেটিক খন্ড এবং বৃন্দাবন দাসের চৈতন্য ভাগবত (আদি খন্ড) এর কহিনি, চরিত্র সম্পর্কে তথ্যধর্মী জ্ঞান শিক্ষার্থীরা আর্জন করতে পারবে। ২. বৈষ্ণব পদাবলী এবং শাক্ত পদাবলীর বিভিন্ন পর্যায়ের নির্বাচিত ২০টি করে পদের বিষয় শিক্ষার্থীরা উপলব্ধি করতে পারবে। নির্বাচিত কবির চণ্ডীমঙ্গল কাব্য কিংবা চৈতন্য ভাগবত এর মূলপাঠের মাধ্যমে শিক্ষার্থীরা মধ্যযুগের সাহিত্য ধারার মূল অভিপ্রায়কে বুঝতে পারবে। ৩. আধুনিক সাহিত্যের সঙ্গে শিক্ষার্থীরা তুলনামূলক আলোচনা করতে পারবে। ৪. সাহিত্যতত্ত্ব ও সাহিত্য মূল্যের বিচারে শিক্ষার্থীরা আলোচ্য পাঠের মাধ্যমে নির্বাচিত কবিদের কৃতিত্ব মূল্যায়ন করতে সক্ষম হবে।
	দ্বিতীয় সেমিস্টার অনার্স
সি. সি ৩	১. প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে আধুনিক ভারতীয় আর্যভাষার বিবর্তনের বিভিন্ন বাঁকবদল শিক্ষার্থীরা স্মরণ করতে পারবে। দ্বিতীয় ইউনিটের মাধ্যমে শিক্ষার্থীরা

Edit with WPS Office

ভাষাতত্ত্ব	বাংলা ভাষার ভাষা-উপভাষা, নিভাষা, বিভাষা সম্পর্কে প্রাথমিক তথ্যধর্মী জ্ঞান লাভ করতে পারবে। তৃতীয় ইউনিটের মাধ্যমে শিক্ষার্থীরা উচ্চারণ স্থান ও উচ্চারণের প্রকৃতি অনুযায়ী বাংলা স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনি সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করতে পারবে এবং চতুর্থ ইউনিটের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা ভাষার শব্দভাণ্ডার, শব্দ বিবর্তন এবং শব্দার্থ পরিবর্তনের বিভিন্ন ধারার সঙ্গে পরিচয় ঘটবে। ২. সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষা উদ্ভবের ইতিহাস; বাংলা ভাষার বিভিন্ন প্রকার ধ্বনির রীতি-প্রকৃতি; অঞ্চল বিশেষে বাংলা উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য এবং বাংলা ভাষার শব্দভাণ্ডারের বৈতিত্র্যপূর্ণ সহাবস্থান শিক্ষার্থীরা উপলব্ধি করতে পারবে। ৩. বাংলা ভাষার উদ্ভবের ধারাবাহিক স্তরের পারস্পরিক তুলনার মাধ্যমে শিক্ষার্থীরা ভাষার প্রবাহমানতার একটি সমীকরণ তৈরি করতে পারবে। পাশাপাশি ভারতীয় অন্যান্য ভাষার সঙ্গে শিক্ষার্থীরা বাংলা ভাষার একটি তুলনামূলক পাঠ আয়ত্ব করতে সক্ষম হবে। ৪. বাংলা ভাষার শব্দভান্ডারে একাধিক ভাষার সহাবস্থানের সঙ্গে পরিচয়ের মাধ্যমে শিক্ষার্থীরা বিশ্বের ভাষা পরিবারের সঙ্গে সাযুজ্য রেখে অখন্ড রূপরেখা তৈরি করত্যে সক্ষম হবে।
সি. সি ৪ আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস	১. আধুনিক বাংলা সাহিত্যের বিভিন্ন ধারা যেমন গদ্য-প্রবন্ধ, কথাসাহিত্য, কবিতা এবং নাটকের উদ্ভবের ইতিহাস এবং বিভিন্ন সাহিত্যিক এবং তাঁদের সৃষ্ট সাহিত্যধারার সঙ্গে শিক্ষার্থীরা পরিচিত হবে। ২. বাংলা গদ্য সাহিত্য উদ্ভবের প্রেক্ষাপটের পাশাপাশি আধুনিক সাহিত্যের বিভিন্ন ধারার উদ্ভব এবং প্রসারে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান এবং ব্যক্তির অবদান শিক্ষার্থীরা উপলব্ধি করতে সক্ষম হবে। ৩. আধুনিক বাংলা সাহিত্যের বিভিন্ন ধারা তথা গদ্য-প্রবন্ধ, উপন্যাস, ছোটগল্প, নাটক এবং কবিতার মধ্যে পারস্পরিক তুলনামূলক আলোচনা শিক্ষার্থীরা করতে পারবে। ৪. আধুনিক যুগের সময়, আর্থসামাজিক ও রাজনৈতিক অবস্থা এবং অবস্থান্তর মূল্যায়নের পাশাপাশি সমাজ-সাংস্কৃতিক পরিমণ্ডল নির্ধারণে বাংলা সাহিত্যের অবদান শিক্ষার্থীরা মূল্যায়ণ করতে সক্ষম হবে।
এম. আই. এল (২ক্রেডিট) বাংলা ভাষা উচ্চারণ ও সাধারাণ ব্যবহারিক বানানচর্চা	১. বাংলা ভাষার উচ্চারণ ও তার ব্যবহারিক বানানচর্চার ক্ষেত্রে রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা ‘সহজপাঠ’-এর প্রথম ও দ্বিতীয় ভাগ অতুলনীয়। এই গ্রন্থ পাঠ করে শিক্ষার্থীরা শৈশবের ভাবনার সঙ্গে বড়ো হয়ে ওঠা বর্তমান ভাবনার একটি তুলনামূলক পরিচয় উপলব্ধি করতে পারবে। ২. বাংলা ব্যাকরণ ও বানানচর্চা জানার ফলে শিক্ষার্থীরা সঠিক বাক্য গঠন এবং সঠিক উচ্চারণ করতে সক্ষম হবে। পরবর্তী শিক্ষাক্ষেত্রে কিংবা ব্যবহারিক ক্ষেত্রে এই জ্ঞান তাদের সহায়তা করতে পারে।
	তৃতীয় সেমিস্টার অনার্স

Edit with WPS Office

সি. সি ৫ বাংলা ছন্দ-অলংকার : সংজ্ঞা, স্বরূপ ও নির্ণয়	১. বাংলা ছন্দ ও অলংকারের বিভিন্ন ধারা ও উপধারার সঙ্গে শিক্ষার্থীরা পরিচিত হবে। ২. বিভিন্ন বাংলা ছন্দ যেমন তানপ্রধান, ধ্বনিপ্রধান এবং শ্বাসাঘাতপ্রধান সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্য সম্পর্কে শিক্ষার্থীরা বুঝতে পারবে। অনুরূপভাবে শব্দালঙ্কার এবং অর্থালঙ্কারের বিভিন্ন প্রকারের সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্য শিক্ষার্থীরা উপলব্ধি করতে পারবে। ৩. ছন্দের প্রধান তিন ধারার পাশাপাশি অমিত্রাক্ষর ছন্দ, সনেট ইত্যাদি বিষয়ের পারস্পরিক তুলনামূলক আলোচনা করতে শিক্ষার্থীরা সক্ষম হবে। ৪. শিক্ষার্থীরা শব্দালঙ্কার এবং অর্থালঙ্কারের বিভিন্না ধারার পারস্পরিক তুলনামূলক আলোচনা করতে পারবে। ৫. সামগ্রিকভাবে বাংলা কবিতা কিংবা গদ্য সাহিত্যের বিভিন্ন পাঠ্যাংশ থেকে শিক্ষার্থীরা ছন্দলিপি নির্ণয়ের পাশাপাশি অলঙ্কার নির্ণয় করতেও সক্ষম হবে।
সি. সি ৬ বাংলা নাটক ও রঙ্গমঞ্চ	১. প্রথম ইউনিটের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা রঙ্গমঞ্চের ইতিহাস বিষয়ে সাধারণ ধারণা লাভ করতে সক্ষম হবে। দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ ইউনিটের মাধ্যমে যথাক্রমে মধুসূদন দত্তের ‘কৃষ্ণকুমারী’, রবীন্দ্রনাথ ঠাকুরের ‘রাজা’ এবং বিজন ভট্টাচার্যের ‘নবান্ন’ নাটকের প্রত্যক্ষ পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা উক্ত নাটকগুলির সাধারণ তথ্য স্মরণ করতে পারবে। ২. বাংলা সাহিত্যে রঙ্গমঞ্চের অবদান শিক্ষার্থীরা উপলব্ধি করতে সক্ষম হবে এবং আলোচ্য তিনটি নাটকের প্রত্যক্ষ পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা নাটকের বিষয়বস্তু এবং নাট্যঘটনার অভিপ্রায় শিক্ষার্থীরা উপলব্ধি করতে পারবে। ৩. নাটকের আঙ্গিক ও বিষয়গত বিভিন্নতার নিরিখে আলোচ্য নাটকের সাহিত্যমূল্য শিক্ষার্থীরা অনুধাবন করতে পারবে। এবং রঙ্গমঞ্চের সঙ্গে নাটকের পারস্পরিক সম্পর্কে শিক্ষার্থীরা নির্ধারণ করতে পারবে। ৪. আজকের দিনেও বাংলা রঙ্গালয়ের পাশাপাশি বাংলা নাট্যচর্চার প্রসঙ্গ এবং প্রসঙ্গিকতা সমসাময়িক প্রেক্ষাপটের নিরিখে মূল্যায়ন করতে সক্ষম হবে।
সি. সি ৭ বাংলা গদ্য ও প্রবন্ধ	১. চারজন বিখ্যাত লেখকের চারটি প্রবন্ধগ্রন্থ যথা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘সাম্য’, রবীন্দ্রনাথ ঠাকুরের ‘বিশ্বপরিচয়’, প্রমথ চৌধুরির ‘প্রবন্ধ সংগ্রহ’ (নির্বাচিত ৮টি প্রবন্ধ) এবং অবনীন্দ্রনাথ ঠাকুরের ‘আপনকথা’ প্রভৃতি গ্রন্থের বিভিন্ন প্রবন্ধের নাম ও সাধারণ তথ্য শিক্ষার্থীরা স্মরণ করতে পারবে। ২. আলোচ্য প্রবন্ধগ্রন্থের বিভিন্ন প্রবন্ধের বিষয়, প্রেক্ষাপট এবং সমসাময়িক আর্থ-সামাজিক অবস্থান শিক্ষার্থীরা উপলব্ধি করতে পারবে। ৩. আলোচ্য প্রাবন্ধিকের সৃজনশীল মননের যুক্তিনিষ্ঠ উপস্থাপনার মাধ্যমে শিক্ষার্থীরা যেমন তথ্যযুক্ত চূড়ান্ত বাস্তবের সঙ্গে পরিচিতি লাভ করবে তেমনি একালের প্রবন্ধের সঙ্গে তুলনামূলক আলোচনা সাহিত্যিক মননকে মুল্যায়ন করতে পারবে।
এস.ই.সি ১	১. বাংলা চলচ্চিত্র ও সাহিত্যের এই পর্যায়ে শিক্ষার্থীরা চলচ্চিত্রের নানান আঙ্গিক

Edit with WPS Office

(২ক্রেডিট) চলচ্চিত্র ও সাহিত্য	বিষয়ে একটি সম্যক ধারণা লাভ করতে পারবে। ২. সত্যজিৎ রায়ের লেখা 'বিষয় চলচ্চিত্র' গ্রন্থটি পাঠের ফলে শিক্ষার্থীরা জানতে পারবে সেকাল ও একালের ভাষা, আঙ্গিক এবং সংলাপের পরিচয়। ঠিক একইভাবে তারা উপলব্ধি করতে পারবে ধীমান দাসগুপ্তের 'সিনেমার অ আ ক খ' গ্রন্থের প্রসঙ্গ ও প্রাসঙ্গিকতা। এছাড়াও চলচ্চিত্রের সঙ্গে সাহিত্যের গভীর সম্পর্কের পরিচিতিও শিক্ষার্থীরা লাভ করবে।
	চতুর্থ সেমিস্টার অনার্স
সি. সি ৮ বাংলা কাব্য ও কবিতা	১. আধুনিক যুগের বিভিন্ন সময়পর্বের অন্যতম চারজন কবি ও কবিতা যেমন মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য (প্রথম সর্গ থেকে ষষ্ঠ সর্গ পর্যন্ত), রবীন্দ্রনাথ ঠাকুরের 'সঞ্চয়িতা' (নির্বাচিত ১২টি কবিতা), জীবনানন্দ দাশের 'শ্রেষ্ঠ কবিতা' (নির্বাচিত ১২টি কবিতা) এবং কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত 'একালের কবিতা সঞ্চয়ন' (সম্প্রতিকাল পর্যন্ত নির্বাচিত ১২ জন কবির ১২টি কবিতা) পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা উল্লিখিত কবি ও কবিতার সাধারণ তথ্য স্মরণ করতে পারবে। ২. আধুনিক কবিতার সূচনাপর্বের প্রতিনিধি হিসেবে মাইকেল মধুসূদন দত্তের কাব্যে থেকে শুরু করে সম্প্রতিকালের কবিদের কবিতা পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা আধুনিক বাংলা কবিতার গতিপ্রকৃতির স্বরূপ উপলব্ধি করতে পারবে। ৩. সময়ের প্রবাহমানতায় প্রতিনিধি স্থানীয় আলোচ্য কবিদের কবিতা পাঠায়ের মাধ্যমে শিক্ষার্থীরা তুলনামূলক পাঠের মাধ্যমে আধুনিক বাংলা কবিতার মূল্যায়ন করতে সক্ষম হবে। ৪. ব্যক্তিজীবন কিংবা সমসাময়িক আর্থ-সামাজিক প্রেক্ষাপটের সাজুয্যে বাংলা কবিতার বহুমুখী উপস্থাপন, প্রসঙ্গ এবং প্রাসঙ্গিকতা বিশ্লেষণের মাধ্যমে শিক্ষার্থীরা আধুনিক বাংলা কবিতার সাহিত্যমূল্য নির্ধারণ করতে সক্ষম হবে।
সি. সি ৯ রবীন্দ্রসাহিত্য	১. আধুনিক বাংলা সাহিত্যের কমবেশি প্রতিটি ধারায় রবীন্দ্রনাথ ঠাকুরের অবাধ বিচরণের বিষয়ে শিক্ষার্থীরা জানতে পারবে। আলোচ্য পাঠ্যক্রমের চারটি ইউনিটে রবীন্দ্র উপন্যাস হিসেবে 'ঘরে-বাইরে', রবীন্দ্র সমালোচনা সাহিত্য হিসেবে 'প্রাচীন সাহিত্য', রবীন্দ্র আত্মজীবনী হিসেবে 'ছেলেবেলা' এবং রবীন্দ্র পত্রসাহিত্য হিসেবে 'রাশিয়ার চিঠি' পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা ব্যক্তি রবীন্দ্রনাথের পাশাপাশি বহুমুখী প্রতিভার অধিকারী সাহিত্যিক রবীন্দ্রনাথের সাহিত্যধারার সঙ্গে পরিচিতি ঘটবে এবং রবীন্দ্র জীবনের সঙ্গে যুক্ত একাধিক তথ্য ও ঘটনা প্রবাহ তারা স্মরণ করতে পারবে। ২. উল্লিখিত পাঠ্যাংশের প্রত্যক্ষ পাঠদানের মাধ্যমে শিক্ষার্থীরা রবীন্দ্র সাহিত্যের সাহিত্যিক মনন উপলব্ধি করতে সক্ষম হবে। ৩. রবীন্দ্রনাথ ঠাকুরের সমকালে তৎকালীন সমাজ-বাস্তবতা, রাজনৈতিক সমীকরণ ইত্যাদি বিষয়ের পাশাপাশি ভারতবর্ষের রাজনৈতিক ইতিহাসের প্রাথমিক ঝলক শিক্ষার্থীরা উপলব্ধি করতে পারবে মূলত 'ঘরে-বাইরে' উপন্যাসের কাহিনী ও চরিত্রচিত্রনের মাধ্যমে। ৪. প্রাচ্যের সাহিত্যতত্ত্বের পাশাপাশি পাশ্চাত্যের সাহিত্যতত্ত্বকে তুলনামূলক

Edit with WPS Office

	আলোচনার মাধ্যমে শিক্ষার্থীরা রবীন্দ্রসাহিত্যের মূল অভিপ্রায়কে মূল্যায়ন করতে সক্ষম হবে।
সি. সি ১০ সাহিত্যের রূপরীতি ও ভারতীয় সাহিত্যতত্ত্ব	১. বাংলা সাহিত্যের রূপরীতি ও ভারতীয় সাহিত্যতত্ত্বের বিভিন্ন ধারা যেমন কাব্য, নাটক, প্রবন্ধ-নিবন্ধ এবং কথাসাহিত্য প্রভৃতির বিভিন্ন উপধারা শিক্ষার্থীরা স্মরণ করতে পারবে। ২. সাহিত্যে কাব্যধারার অন্তর্গত মহাকাব্য, গীতিকাব্য, আখ্যানকাব্য, গাথাকাব্য এবং গদ্যকাব্য; নাট্যসাহিত্যের অন্তর্গত ট্র্যাজেডি, কমেডি, মেলোড্রামা, সামাজিক-পৌরাণিক-ঐতিহাসিক নাটক, রূপক-সাংকেতিক নাটক, অ্যাবসার্ড নাটক, একাঙ্ক নাটক, প্রহসন, গীতিনাট্য, নৃত্যনাট্য এবং কাব্যনাট্য; প্রবন্ধ-নিবন্ধ সাহিত্যের অন্তর্গত সমালোচনা সাহিত্য, রম্যরচনা, ভ্রমণ সাহিত্য, পত্রসাহিত্য, ডায়েরি এবং জীবনী সাহিত্য; কথাসাহিত্যের অন্তর্গত রোমান্স, সামাজিক-ঐতিহাসিক-রাজনৈতিক-আঞ্চলিক-মনস্তত্ত্বমূলক-চেতনাপ্রবাহরীতি উপন্যাস, ছোটগল্প এবং অনুগল্প প্রভৃতি উপধারার সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্য শিক্ষার্থীরা উপলব্ধি করতে পারবে। ৩. রবীন্দ্রনাথ ঠাকুরের 'সাহিত্য' গ্রন্থ পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা সাহিত্য ও সাহিত্যতত্ত্বকে বিস্তারিতভাবে জানতে পারবে, বুঝতে পারবে। ৪. অতুলচন্দ্র গুপ্তের 'কাব্যজিজ্ঞাসা' গ্রন্থ পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা যেমন প্রাচীন সাহিত্যের একাধিক সাহিত্যাচার্যের সঙ্গে পরিচিত হবেন তেমনই তাঁদের কাব্য-কবিতা বিষয়ক যুক্তিনিষ্ট আলোচনা তথা কাব্যের আত্মা অনুসন্ধান ও বিচার করতে সক্ষম হবে।
এস.ই.সি ২ মুদ্রণ শিল্প ও প্রকাশনা	১. মুদ্রণ শিল্প ও প্রকাশনা –বাংলাভাষা ও জীবন-সংস্কৃতির ইতিহাসে যুগান্তকারী ইতিহাস রচনা করেছে। প্রুফ রিডিং, কম্পিউটারে বাংলা লিখন শিক্ষার্থীদের জ্ঞানের জগৎকে যেমন সমৃদ্ধ করেছে, তেমনি মুদ্রণ-কর্মে সুযোগ করে দিতে সহায়তা করেছে। তাই এই ধরণের হাতে কলমে শিক্ষা তাদের জীবন-জীবিকায় এগিয়ে যেতে সহায়তা করে।
	পঞ্চম সেমিস্টার অনার্স
সি. সি ১১ বাংলা উপন্যাস	১. বাংলা উপন্যাস সাহিত্যের প্রাথমিক পর্যায়ের ফসল হিসেবে প্রথম সার্থক রাজনৈতিক উপন্যাস বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যের 'রাজসিংহ'; উপন্যাস সাহিত্যের বিকাশ পর্বের অন্তর্গত শরৎচন্দ্র চট্টোপাধ্যের 'পথের দাবী' তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'গণদেবতা' এবং মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের প্রত্যক্ষ পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা উপন্যাসের কাহিনী, চরিত্র এবং ঘটনাক্রম স্মরণ করতে পারবে। ২. আলোচ্য উপন্যাসের প্রত্যক্ষ পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা বিষয়ের ধারাভাস্যের মাধ্যমে সমকালীন সমাজের সামজিক-অর্থনৈতিক-রাজনৈতিক জীবনের শৈল্পিক উপস্থাপন ও ঔপন্যাসিকের অভিপ্রায় উপলব্ধি করতে সক্ষম হবে। ৩. বিভিন্ন সময়পর্বে লিখিত উপন্যাসগুলি প্রেক্ষাপটের উপস্থাপন শৈলীর পারস্পরিক তুলনামূলক আলোচনার মাধ্যমে শিক্ষার্থীরা আধুনিক বাংলা সাহিত্যের সামগ্রিক গতি-প্রকৃতিকে মুল্যায়ন করতে সক্ষম হবে।

Edit with WPS Office

	৪. জীবনের দর্পন হিসেবে বাংলা উপন্যাসর অবদান এবং বাংলা সাহিত্যের রসাস্বাদনের শিক্ষার্থীরা দক্ষ হবে।
সি. সি ১২ বাংলা ছোটগল্প	১. বাংলা সাহিত্যের প্রথম সার্থক ছোটগল্পাকার হিসেবে রবীন্দ্রনাথ ঠাকুরের নির্বাচিত ১০টি ছোটগল্প (‘দেনাপাওনা’, ‘ত্যাগ’, ‘একরাত্রি’, ‘কাবুলিওয়ালা’, ‘শাস্তি’, ‘মেঘ ও রৌদ্র’, ‘নষ্টনীড়’, ‘স্ত্রীর পত্র’, ‘অপরিচিতা’ এবং ‘শেষ কথা’); সুবোধ ঘোষের ‘শ্রেষ্ঠ গল্প’-এর অন্তর্গত নির্বাচিত ১০টি ছোঠগল্প (‘অযান্ত্রিক’, ‘ফসিল’, ‘সুন্দরম’, ‘গোত্রান্তর’, ‘পরশুরামের কুঠার’, ‘গরল অমিয় ভেল’, ‘উচলে চড়িনু’, ‘কালাগুরু’, ‘বারবধূ’ এবং ‘চতুর্থ পানিপথের যুদ্ধ’); স্বাধীনতা পূর্ববর্তী বাংলা ছোটগল্প হিসেবে নির্বাচিত ১০ জন গল্পাকারের ১০টি ছোটগল্প (ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের ‘ডমরু-চরিত’, প্রভাতকুমার মুখোপাধ্যয়ের ‘রসময়ীর রসিকতা’, অনুরূপা দেবীর ‘দেবদাসী’, প্রেমাঙ্কুর আতর্থীর ‘জেলফেরত’, জগদীশচন্দ্র গুপ্তের ‘চন্দ্র সূর্য যতদিন’, রমেশচন্দ্র সেনের ‘ডোমের চিতা’, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ‘কিন্নরদল’, জীবনানন্দ দাশের ‘জামরুল তলা’, শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের ‘রক্ত সন্ধ্যা’ এবং বনফুলের ‘তাজমহল) এবং স্বাধীনতা পরবর্তী বাংলা ছোটগল্প হিসেবে ১০জন গল্পাকারের ১০টি ছোটগল্প (সন্তোষকুমার ঘোষের ‘প্রেমপত্র’, বিমল করের ‘জননী’, মহাশ্বেতা দেবীর ‘স্তন্যদায়িনী’, সৈয়দ মুস্তাফা সিরাজের ‘গোঘ্ন’, অতীন বন্দ্যোপাধ্যায়ের ‘কাল-ভূজঙ্গ’, ভগীরথ মিশ্রের ‘ইন্দর যাগ’, ঝড়েশ্বর চট্টোপাধ্যায়ের ‘সিন্দুক’, নবারুণ ভট্টাচার্যের ‘মার্ডারারের ভাই’, জয়া মিত্রের ‘দৌপদী’ এবং স্বপ্নময় চক্রবর্তীর ‘গণেশ’)-এর প্রত্যক্ষ পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা গল্প ও গল্পাকারের নাম, বিষয়, প্রেক্ষাপট এবং প্রকাশকাল বিষয়ক তথ্য স্মরণ করতে পারবে। ২. আলোচ্য ছোটগল্পের প্রত্যক্ষ পাঠের মাধ্যমে বাংলা ছোটগল্পের অভিপ্রায়, বিষয়-বৈচিত্র্য এবং প্রেক্ষাপট শিক্ষার্থীরা উপলব্ধি করতে পারবে। ৩. আধুনিক বাংলা সাহিত্যের অন্যতম প্রকরণ হিসেবে ছোটগল্পের সাহিত্যমূল্য শিক্ষার্থীরা বিচার করতে সক্ষম হবে। ৪. সম্প্রতিকালে রচিত ছোটগল্পের সঙ্গে আলোচ্য পাঠের ছোটগল্পগুলির তুলনামূলক আলোচনার মাধ্যমে শিক্ষার্থীরা তৎকালীন সমাজ-ইতিহাসের সঙ্গে বর্তমান সমাজ-ইতিহাসের মূল্যায়ন করতে পারবে।
ডি. এস. ই -২ বাংলা গদ্য ও প্রবন্ধ পাঠ	১. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘মুচিরাম গুড়ের জীবনচরিত’; স্বামী বিবেকানন্দের ‘প্রাচ্য ও পাশ্চাত্য’; রবীন্দ্রনাথ ঠাকুরের ‘পঞ্চভূত’ গ্রন্থের নির্বাচিত ১০টি প্রবন্ধ এবং বুদ্ধদেব বসুর ‘প্রবন্ধ-সংকলন’ গ্রন্থের নির্বাচিত ১০টি প্রবন্ধের প্রত্যক্ষ পাঠদানের মাধ্যমে শিক্ষার্থীরা উক্ত প্রবন্ধগুলির বিষয় এবং প্রাথমিক তথ্য স্মরণ করতে পারবে। ২. আধুনিক বাংলা সাহিত্যের প্রারম্ভিক সাহিত্যধারা হিসেবে বাংলা গদ্য ও প্রবন্ধের বৈচিত্র্যপূর্ণ মননশীল প্রবন্ধের প্রত্যক্ষ পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা আলোচ্য প্রবন্ধিকের সাহিত্যিক মনন ও বিষয়ের অভিপ্রায় উপলব্ধি করতে পারবে। ৩. বাংলা সাহিত্যের অন্যান্য ধারার সঙ্গে প্রবন্ধ-সাহিত্যের তুলনামূলক আলোচনার মাধ্যমে শিক্ষার্থীরা সাহিত্যের প্রকৃত সত্য মুল্যায়ন করতে সক্ষম হবে।
ডি. এস. ই -৩	১. জীবনানন্দ দাশের ‘কবিতার কথা’; আবু সয়ীদ আইয়ুবের ‘আধুনিকতা ও রবীন্দ্রনাথ’ গ্রন্থের নির্বাচিত ২টি প্রবন্ধ ও ‘পথের শেষ কোথায়’ গ্রন্থের নির্বাচিত ৪টি

Edit with WPS Office

রবীন্দ্র পরবর্তী বাংলা কাব্য-কবিতা ও কাব্য-ভাবনা	প্রবন্ধের প্রত্যক্ষ পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা আধুনিক বাংলা কবিতা বিষয়ে মননশীল সমালোচনা সাহিত্যের বিভিন্ন দিক জানতে এবং বুঝতে পারবে। কাব্য-কবিতা বিষয়ক বহুমুখী সমালোচনা শিক্ষার্থীদের কবিতার প্রতি আগ্রহ তৈরি করবে। ২. আধুনিক কবির প্রতিনিধি স্থানীয় সুভাষ মুখোপাধ্যায় ও শক্তি চট্টোপাধ্যায় এবং সম্প্রতিকালের কবি শঙ্খ ঘোষ ও বিনয় মজুমদারের 'শ্রেষ্ঠ কবিতা' গ্রন্থ থেকে নির্বাচিত ৫টি করে কবিতা প্রত্যক্ষ পাঠদানের মাধ্যমে শিক্ষার্থীরা আধুনিক বাংলা কবিতার বৈচিত্রপূর্ণ পরিসরকে চিহ্নিত করতে সক্ষম হবে। ৩. আলোচ্য কবিতাগুলির নিবিড় পাঠ ও কবিতা কেন্দ্রিক সমালোচনা সাহিত্যকে পাশাপাশি রেখে এই পত্রের মাধ্যমে শিক্ষার্থীদের কবিতা কেন্দ্রিক গবেষণার ইচ্ছে বিকশিত হবে।
	ষষ্ঠ সেমিস্টার অনার্স
সি. সি ১৩ সংস্কৃতি, ইংরেজি, হিন্দি ও অসমিয়া সাহিত্যের ইতিহাস	১. আলোচ্য পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা ভাষা ও সাহিত্যের পাশাপাশি সংস্কৃত, ইংরেজি, হিন্দি ও অসমিয়া সাহিত্যের প্রধান প্রধান সাহিত্যের ধারা, সাহিত্যিক ও তাঁদের সাহিত্যকৃতির সঙ্গে পরিচিত হবে। ২. বাংলা সাহিত্যের পাশাপাশি উল্লিখিত চারটি সাহিত্য পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা সাহিত্যের নিরিখে অন্যান্য সাহিত্যের বিস্তার, প্রসঙ্গ এবং প্রাসঙ্গিকতা উপলব্ধি করতে সক্ষম হবে। ৩. বাংলা ভাষা ও সাহিত্যের সঙ্গে উল্লিখিত ভাষা ও সাহিত্যের পারস্পরিক তুলনামূলক আলোচনার মাধ্যমে শিক্ষার্থীদের নতুন নতুন চিন্তাভাবনা বিকশিত হবে।
সি. সি ১৪ ভ্রমণ সাহিত্য	১. আলোচ্য পাঠ্যক্রমের অন্তর্গত বিখ্যাত চারজন সাহিত্যিকের একটি করে মোট চারটি ভ্রমণ কাহিনী বিষয়ক গ্রন্থের প্রত্যক্ষ পাঠদানের মাধ্যমে শিক্ষার্থীরা ভ্রমণ সাহিত্যের নানান খুঁটিনাটি তথ্য স্মরণ করতে পারবে এবং বিভিন্ন স্থানের নাম ও বিশেষত্ব জানতে পারবে। ২. বাংলা সাহিত্যের অন্যান্য ধারার সঙ্গে ভ্রমণ সাহিত্যধারার পারস্পরিক তুলনামূলক আলোচনার মাধ্যমে শিক্ষার্থীরা এই সাহিত্যধারার শিল্পমূল্য নির্ধারণ করতে সক্ষম হবে। ৩. 'ইংল্যান্ডে বঙ্গমহিলা' গ্রন্থপাঠের মাধ্যমে শিক্ষার্থীরা বাঙালি নারীজাগরণের একটি পূর্বাভাস অনুধাবন করতে পারবে। ৪. 'য়ুরোপ প্রবাসীর পত্র', 'দেশে বিদেশে' এবং হে পূর্ণ, তব চরণের কাছে' গ্রন্থপাঠের মাধ্যমে শিক্ষার্থীরা প্রাচ্যের সংস্কৃতির পাশাপাশি পাশ্চাত্যের সংস্কৃতির সঙ্গেও পরিচিত হবে।

Edit with WPS Office

ডি. এস. ই – ১ বাংলা নাটক ও নাট্যভাবনা	১. ষষ্ঠ সেমিস্টারের প্রথম বিশেষপত্র পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা নাটকের অতীত ও বর্তমানের নাট্যভাবনার সঙ্গে পরিচিত হবে এবং পাঠ্যাংশে উল্লিখিত তিনজন নাট্যকারের তিনটি ভিন্ন স্বাদের নাটক পাঠের মাধ্যমে নাটকগুলির ঘটনা চরিত্র এবং অভিপ্রায় স্মরণ করতে পারবে। ২. বাংলা সাহিত্যের ইতিহাসে শম্ভু মিত্রের অবদান শিক্ষার্থীরা উপলব্ধি করতে পারবে। ৩. 'চন্দ্রগুপ্ত', 'ফেরারি ফৌজ' এবং 'ফুল্লকেতুর পালা' নাটকের প্রত্যক্ষ পাঠদানের মাধ্যমে শিক্ষার্থীরা উক্ত নাটকের বিষয় বৈচিত্র্য, সাহিত্যমূল্য এবং নাট্য-আবেদন উপলব্ধি করতে পারবে। ৪. ইতিহাসের প্রচ্ছন্ন ছায়া নাটকে উপস্থাপনের বিষয় হিসেবে নির্বাচন করলেও নাট্যকারগণ যে অভিপ্রায় আমাদের সামনে তুলে ধরার চেষ্টা করেছেন সমকালীন সময়ে তার প্রাসঙ্গিকতা শিক্ষার্থীরা বিশ্লেষণ করতে পারবে।
ডি. এস. ই – ২ বাংলা কথাসাহিত্য : মন্বন্তর, দাঙ্গা ও দেশভাগ	১. বাংলা সাহিত্যের অনেকটা জুড়ে আছে মন্বন্তর, দেশভাগ এবং দেশভাগকে কেন্দ্র করে সাম্প্রদায়িক দাঙ্গা। আলোচ্য পাঠ্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীরা উক্ত বিষয়ের প্রতিনিধি স্থানীয় বিভিন্ন কথাসাহিত্য এবং তাঁর সাহিত্যিকের নাম স্মরণ করতে পারবে। ২. এখানে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'অশনিসংকেত' এবং হাসান আজিজুল হকের লেখা 'আগুনপাখি' উপন্যাসের প্রত্যক্ষ পাঠাদানের মাধ্যমে শিক্ষার্থীরা স্বাধীনতাপূর্ব এবং স্বাধীনতা পরবর্তী মন্বন্তর এবং সাম্প্রদায়িক দাঙ্গার প্রেক্ষাপট ও পরিণতি বিষয়ে প্রকৃতি জ্ঞান আরোহণ করবে এবং 'আগুনপাখি' উপন্যাস পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা বাঙালির দেশভাগের নির্মম যন্ত্রনার প্রেক্ষাপট এবং সামাজিক-রাজনৈতিক জীবনের স্পষ্টত অনুভব করতে পারবে। ৩. মন্বন্তর, দেশভাগ এবং সাম্প্রদায়িক দাঙ্গাকে বিষয় করে বাংলা সাহিত্যে একাধিক ছোটগল্প রচনা করা হয়েছে। এই পত্রের চতুর্থ ইউনিটে নির্বাচিত ১০ জন লেখকের ১০টি ছোটগল্প পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা স্বাধীনতা পূর্ববর্তী এবং পরর্বর্তী সময়ে ব্যক্তি মানুষ এবং সামাজিক মানুষের যন্ত্রনার কথা, সংকটের কথা উপলদ্ধি করবে এবং তাদের কাছে স্পষ্ট হবে সেই সময়ের অস্থির চিত্র।
	প্রথম সেমিস্টার বাংলা জেনারেল
জি. ই ১ বাংলা সাহিত্য এবং বাঙালির সংস্কৃতি চর্চার ইতিহাস	১. এই পর্যায়ে বাংলা সাহিত্যের আদি পর্বের বৌদ্ধধর্ম ও বৌদ্ধ-সংস্কৃতি সম্পর্কে শিক্ষার্থীরা সম্যক জ্ঞান লাভ করতে পারবে। ২. বাংলা সাহিত্যের আর্য-অনার্য সংস্কৃতি ও তার সমন্বয়ের ইতিহাস সম্পর্কে শিক্ষার্থীরা নানা ধারণা অর্জন করবে। ৩. মধ্যযুগীয় বাংলা সাহিত্যের ইতিহাস কেন্দ্রিক ধারা যেমন বৈষ্ণব পদাবলি, শাক্ত পদাবলি এবং নাথ সাহিত্য সম্পর্কে আর্থ-সামাজিক পরিচয় সম্পর্কে গবেষণাধর্মী চিন্তা-চেত্নার উন্মেষ ঘটবে শিক্ষার্থীদের মধ্যে।

Edit with WPS Office

	৪. বাঙালির অবক্ষয়িত সাহিত্য যেমন কবিগান, টপ্পা, ঠুংরি, খেউর গানের মধ্যে সেকালের বিলাসবহুল জীবনের পরিচয় লিপিবদ্ধ হয়ে আছে—শিক্ষার্থীরা এই মধ্যযুগীয় সাহিত্য পাঠের ফলে তুলনামূলক বিশ্লেষণে বিভিন্ন ধারার মূল্যায়ন করতে পারবে। এছাড়াও তাদের বাংলা সাহিত্য সম্পর্কে একটি সম্পূর্ণ ধারণা গড়ে উঠবে।
	দ্বিতীয় সেমিস্টার বাংলা জেনারেল
জি. ই ২ ভাষাতত্ত্ব	১. প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে আধুনিক ভারতীয় আর্যভাষার বিবর্তনের বিভিন্ন বাঁকবদল শিক্ষার্থীরা স্মরণ করতে পারবে। দ্বিতীয় ইউনিটের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা ভাষার ভাষা-উপভাষা, নিভাষা, বিভাষা সম্পর্কে প্রাথমিক তথ্যধর্মী জ্ঞান লাভ করতে পারবে। তৃতীয় ইউনিটের মাধ্যমে শিক্ষার্থীরা উচ্চারণ স্থান ও উচ্চারণের প্রকৃতি অনুযায়ী বাংলা স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনি সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করতে পারবে এবং চতুর্থ ইউনিটের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা ভাষার শব্দভাণ্ডার, শব্দ বিবর্তন এবং শব্দার্থ পরিবর্তনের বিভিন্ন ধারার সঙ্গে পরিচয় ঘটবে। ২. সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষা উদ্ভবের ইতিহাস; বাংলা ভাষার বিভিন্ন প্রকার ধ্বনির রীতি-প্রকৃতি; অঞ্চল বিশেষে বাংলা উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য এবং বাংলা ভাষার শব্দভাণ্ডারের বৈতিত্র্যপূর্ণ সহাবস্থান শিক্ষার্থীরা উপলব্ধি করতে পারবে। ৩. বাংলা ভাষার উদ্ভবের ধারাবাহিক স্তরের পারস্পরিক তুলনার মাধ্যমে শিক্ষার্থীরা ভাষার প্রবাহমানতার একটি সমীকরণ তৈরি করতে পারবে। পাশাপাশি ভারতীয় অন্যান্য ভাষার সঙ্গে শিক্ষার্থীরা বাংলা ভাষার একটি তুলনামূলক পাঠ আয়ত্ব করতে সক্ষম হবে। ৪. বাংলা ভাষার শব্দভান্ডারে একাধিক ভাষার সহাবস্থানের সঙ্গে পরিচয়ের মাধ্যমে শিক্ষার্থীরা বিশ্বের ভাষা পরিবারের সঙ্গে সাযুজ্য রেখে অখন্ড রূপরেখা তৈরি করত্যে সক্ষম হবে।
এম. আই. এল (২ক্রেডিট) বাংলা ভাষা উচ্চারণ ও সাধারাণ ব্যবহারিক বানানচর্চা	১. বাংলা ভাষার উচ্চারণ ও তার ব্যবহারিক বানানচর্চার ক্ষেত্রে রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'সহজপাঠ'-এর প্রথম ও দ্বিতীয় ভাগ অতুলনীয়। এই গ্রন্থ পাঠ করে শিক্ষার্থীরা শৈশবের ভাবনার সঙ্গে বড়ো হয়ে ওঠা বর্তমান ভাবনার একটি তুলনামূলক পরিচয় উপলব্ধি করতে পারবে। ২. বাংলা ব্যাকরণ ও বানানচর্চা জানার ফলে শিক্ষার্থীরা সঠিক বাক্য গঠন এবং সঠিক উচ্চারণ করতে সক্ষম হবে। পরবর্তী শিক্ষাক্ষেত্রে কিংবা ব্যবহারিক ক্ষেত্রে এই জ্ঞান তাদের সহায়তা করতে পারে।
	তৃতীয় সেমিস্টার বাংলা জেনারেল
জি. ই ৩ জীবনী সাহিত্য	১. এই পাঠ্যক্রম থেকে শিক্ষার্থীরা বাংলার জীবনী সাহিত্য সম্পর্কে একটি সুস্পষ্ট ধারণা লাভ করবে। ২. বাংলা সাহিত্যের অন্যতম তিনটি জীবনী সাহিত্য যেমন, ভগিনী নিবেদিতার 'স্বামীজীকে যেরূপ দেখিয়াছি', শিবনাথ শাস্ত্রীর 'আত্মচরিত' এবং সত্যজিৎ রায়ের 'যখন ছোট ছিলাম' – সম্পর্কে শিক্ষার্থী পাঠকেরা বিশিষ্টজনের দৃষ্টিতে বরণীয় ব্যক্তিত্বের যে ভাব-ভাবনার পরিচয় পায় তাতে তাদের মধ্যে একই সঙ্গে স্বাধীন চিন্তা

Edit with WPS Office

	এবং দৃঢ় মানসিকতার পরিসর গড়ে উঠবে।
এম. আই. এল ১ বাংলা গদ্য সাহিত্য এবং কাব্য-কবিতা	১. এই পাঠ্যক্রম থেকে শিক্ষার্থীরা বাংলা গদ্য সাহিত্য এবং কাব্য-কবিতার ইতিহাস সম্পর্কে সূচনাপর্ব থেকে ঊনবিংশ ও বিংশ শতাব্দী পর্যন্ত বিভিন্ন তথ্য স্মরণ করতে পারবে এবং এই পর্বের একটি সামগ্রিক ধারণা লাভ করবে। এই পর্বের অন্তর্গত কালীপ্রসন্ন সিংহের 'হুতোম প্যাঁচার নকশা' প্রত্যক্ষ পাঠের ফলে শিক্ষার্থীরা আধুনিক গদ্যের ও উপন্যাসের প্রাথমিক ধারণা লাভ করতে পারবে। ২. কাব্য-কবিতার ইতিহাসে বিশেষভাবে মহিলা কবিদের কথা এখানে উল্লিখিত হয়েছে। পাশাপাশি মধুসূদন দত্তের 'চতুর্দশপদী কবিতাবলী' এবং ঈশ্বরগুপ্ত থেকে অক্ষয়কুমার বড়াল পর্যন্ত ঊনবিংশ শতাব্দীর কবি ও তাঁদের কাব্যভাবনা পাঠ করে শিক্ষার্থীরা বাংলা সাহিত্যের কাব্য ও কবিতা সম্পর্কে একটি সম্যক ধারণা লাভ করবে। ব্যক্তিগত জীবনে কবিতা লেখার অনুপ্রেরণার পাশাপাশি শিক্ষমূলক জীবনের অগ্রগতির ক্ষেত্রে এই পাঠ্যক্রমের গুরুত্বপূর্ণ ভূমিকা আছে।
এস.ই.সি ১ (২ক্রেডিট) চলচ্চিত্র ও সাহিত্য	১. বাংলা চলচ্চিত্র ও সাহিত্যের এই পর্যায়ে শিক্ষার্থীরা চলচ্চিত্রের নানান আঙ্গিক বিষয়ে একটি সম্যক ধারণা লাভ করতে পারবে। ২. সত্যজিৎ রায়ের লেখা 'বিষয় চলচ্চিত্র' গ্রন্থটি পাঠের ফলে শিক্ষার্থীরা জানতে পারবে সেকাল ও একালের ভাষা, আঙ্গিক এবং সংলাপের পরিচয়। ঠিক একইভাবে তারা উপলব্ধি করতে পারবে ধীমান দাসগুপ্তের 'সিনেমার অ আ ক খ' গ্রন্থের প্রসঙ্গ ও প্রাসঙ্গিকতা। এছাড়াও চলচ্চিত্রের সঙ্গে সাহিত্যের গভীর সম্পর্কের পরিচিতিও শিক্ষার্থীরা লাভ করবে।
	চতুর্থ সেমিস্টার বাংলা জেনারেল
জি. ই ৪ বাংলা শিশু ও কিশোর পাঠ্য সাহিত্য	১. এই পাঠ্যক্রমের সাহায্যে শিক্ষার্থীরা বাংলা শিশু ও কিশোর সাহিত্য রচনার ধারা সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারবে। ২. শিক্ষার্থীরা পাঠ্য পুস্তক রূপে পাঠ করবেন তিনটি রচনা—উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর 'টুনটুনির বই', অবনীন্দ্রনাথ ঠাকুরের 'রাজকাহিনী' এবং লীলা মজুমদারের 'পদীপিসির বর্মী বাক্স'। এই রচনাগুলির প্রত্যক্ষ পাঠন পাঠনের মাধ্যমে শিক্ষার্থীরা শিশু ও কিশোর সাহিত্যের প্রকৃত রস এবং আনন্দ উপলব্ধি করতে পারবে। পরবর্তী সময়ে এই শিক্ষার্থীদের মধ্যে হয়ত কেউ কেউ কিশোর সাহিত্যের লেখক রূপেও আত্মপ্রকাশ করতে পারে।
এম.আই.এল ২ নাটক ও কথাসাহিত্য	১. বিংশ শতকের নাটক ও কথাসাহিত্য পাঠ ও পর্যালোচনা করে এই পর্যায়ে শিক্ষার্থীদের মধ্যে নতুন ভাবনা ও চিন্তার জাগরণ ঘটবে। ২. দ্বিজেন্দ্রলাল রায়ের 'নূরজাহান' নাটক, তারাশাঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'কবি' উপন্যাস এবং রবীন্দ্রনাথ ঠাকুরের নির্বাচিত ৮টি ছোটগল্প প্রত্যক্ষ পাঠ করে শিক্ষার্থীরা বাস্তব জগৎ ও জীবন সম্পর্কে একটি সুস্পষ্ট ধারনা লাভ করতে সক্ষম হবে। পরবর্তী সময়ে জীবনে চলার পথে এই সাহিত্যলব্ধ জ্ঞান তাদের ভাবনাকে সমৃদ্ধ করবে এবং এগিয়ে যেতে সাহায্য করবে।
এস.ই.সি ২	১. মুদ্রণ শিল্প ও প্রকাশনা –বাংলাভাষা ও জীবন-সংস্কৃতির ইতিহাসে যুগান্তকারী ইতিহাস রচনা করেছে। প্রুফ রিডিং, কম্পিউটারে বাংলা লিখন শিক্ষার্থীদের জ্ঞানের জগৎকে যেমন সমৃদ্ধ করেছে, তেমনি মুদ্রণ-কর্মে সুযোগ করে দিতে সহায়তা

Edit with WPS Office

মুদ্রণ শিল্প ও প্রকাশনা	করেছে। তাই এই ধরণের হাতে কলমে শিক্ষা তাদের জীবন-জীবিকায় এগিয়ে যেতে সহায়তা করে।
	পঞ্চম সেমিস্টার বাংলা জেনারেল
ডি. এস. সি - ১বি বাংলা কাব্য ও কবিতা	১. আধুনিক বাংলা পত্রকাব্যের অন্যতম পরিচয় রয়েছে মধুসূদন দত্তের 'বীরাঙ্গনা কাব্য'-এ। এই পত্রকাব্য পাঠ করে শিক্ষার্থীরা আধুনিক কালের নারী মুক্তির জন্য নারী জাগরণ এবং তাদের স্বাধীনতার অধিকার সম্পর্কে জ্ঞান লাভ করবে। ২. রবীন্দ্রনাথের বিখ্যাত কাব্যগুলির মধ্যে একটি অন্যতম কাব্যগ্রন্থ 'পুনশ্চ'। এই কাব্যের বিখ্যাত সব কবিতার মধ্যে রবীন্দ্রনাথ ঠাকুরের ব্যক্তি-চেতনার নানা ভাব-ভাবনার কথা ব্যক্ত করেছেন। এই কবিতাগুলি পাঠ করে পাঠক হিসেবে শিক্ষার্থীরা কল্পনা, আধুনিক চিন্তা-চেতনা এবং বাস্তবের নানা ভাবনার যোগসূত্র খুঁজে পাবে। ৩. কবি নজরুলের 'সঞ্চিতা' কাব্য পাঠ করে শিক্ষার্থীরা একই সঙ্গে ইংরেজদের প্রতি কবির বিদ্রোহী মানসিকতা এবং সাম্যবাদের চেতনার স্বরূপ বুঝতে পারবে। এতে তাদের ন্যায়-অন্যায় বোধ জন্মাবে এবং আগামী দিনে তাদের ব্যক্তি জীবনের পথ চল সুগম হবে। ৪. আধুনিক কালের অন্যতম বাস্তববাদী কবি জীবনানন্দ দাশ এর লেখা কাব্য 'রূপসী বাংলা'। এই কাব্যের নির্বাচিত ১২টি কবিতা পাঠ করে শিক্ষার্থীরা বাস্তব-অতিবাস্তব জীবনের মুখোমুখি হবে। তাতে তাদের মধ্যে জীবনপর্বের কঠোর চেতনার জাগরণ ঘটবে।
জি.ই ১ (নিউ) ভাষার ব্যবহারিক প্রয়োগ	১. আলোচ্য পাঠ্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীরা সঠিকভাবে মাতৃভাষার ভাষাকেন্দ্রিক ব্যবহার এবং প্রয়োগের দিকটি জানতে ও বুঝতে পারবে। ২. বিজ্ঞাপন রচনা, প্রাতিষ্ঠানিক পত্র রচনা, সাক্ষাৎকার রচনা, প্রবন্ধ রচনা – পাঠ্যসূচির অন্তর্গত এই অংশগুলির জ্ঞান অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের ব্যক্তিগত জীবনে বা তাদের ব্যবহারিক কর্মজীবনে সার্থক প্রয়োগ করতে পারবে। শুধু তাই নয় পেশাগত জীবনেও আলোচ্য বিষয়গুলি তাদের কাজে লাগবে।
	ষষ্ঠ সেমিস্টার বাংলা জেনারেল
ডি.এস.ই – ১ডি বাংলা নাটক ও প্রহসন	১. বাংলা সাহিত্যের একটি অন্যতম ধারা নাটক ও প্রহসন। ঊনবিংশ ও বিংশ শতক থেকে বর্তমান কালপর্ব পর্যন্ত বাংলা সাহিত্যে বহু নাটক ও প্রহসন লেখা হয়ে চলেছে। এই পর্বে শিক্ষার্থীরা দীনবন্ধু মিত্রের 'সধবার একাদশী' এবং জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের 'এমন কর্ম আর করব না' –নাটকদ্বয়ের প্রত্যক্ষ পাঠের মাধ্যমে তারা সেই সময়ের নাটকে জীবনবোধের পাশাপাশি কৌতুকবোধের পরিচয় উপলব্ধি করতে সক্ষম হবে। ২. গিরিশচন্দ্র ঘোষের 'সিরাজদ্দৌল্লা', রবীন্দ্রনাথ ঠাকুরের 'চন্ডালিকা' এবং মন্মথ রায়ের 'কারাগার' নাটকের প্রত্যক্ষপাঠ ও বিশ্লেষণের মাধ্যমে শিক্ষার্থীরা নাটকগুলির কাহিনী, চরিত্র এবং নাট্যকারের অভিপ্রায় উপলব্ধি করতে পারবে। এছাড়াও সংলাপ ও চরিত্রচিত্রনে নাট্যকারের দক্ষতা তারা মূল্যায়ন করতে পারবে।
জি. ই ২ (নিউ)	১. প্রাচীন থেকে আধুনিক সাহিত্য চর্চার একটি অন্যতম ধারা হয়ে উঠেছে অনুবাদ চর্চা ও বাংলা লিখন। প্রথমে সংস্কৃত থেকে বাংলায় অনুবাদ, পরবর্তী সময়ে ইংরেজি

Edit with WPS Office

অনুবাদ চর্চা ও বাংলা লিখন	ও অন্যান্য ভাষা থেকে ভাবানুবাদ বা রূপান্তর। শিক্ষার্থীরা আলোচ্য পাঠ্যক্রমের মাধ্যমে বাংলা ভাষা জ্ঞান এবং রূপান্তরকরণের ধারণা লাভ করবে। এতে তাদের একদিনে বোধের বিকাশ ঘটবে অন্যদিকে কর্মজীবনে তাদের উন্নতি ঘটবে। ২. প্রতিবেদন রচনা, সারসংক্ষেপ রচনা, পরিভাষা জানা শিক্ষার্থীদের জ্ঞানের ভান্ডারকে সমৃদ্ধ করবে। এতে উচ্চ শিক্ষার ক্ষেত্রেও তাদের সহায়তা হবে।